হরুত্তাইন্তর লাগি বাইবেল

উপস্থাপন খরা

যীশুর অলৌকিক কাজ

যেইন লেখছইন: Edward Hughes

যেইন বর্ণনা করছইন: Byron Unger; Lazarus Alastair Paterson

যেইন মানাইয়া লইছইন: E. Frischbutter; Sarah S.

যেইন অনুবাদ করছইন: Bangladesh Bible Society

যেইন প্রযোজনা করছইন: Bible for Children
www.M1914.org

©2022 Bible for Children, Inc.
লাইসেন্স: আপনে এই গল্পটা বেচার আগ পর্য্যন্ত কপি অথবা ছাপাইতে পারবা।

যীশু অনেক অলৌকিক কাজ করছিলেন। যীশুরে সত্যই ঈশ্বরর ছেলে দেখানির লাগি অলৌকিক চিহ্ন ছিল।

প্রথম অলৌকিক ঘটনা ঘটছিল একটা বিয়া বাড়ির খানিত। একটি সমস্যা দেখা দিছিলো। প্রত্যেকের লাগি পর্যাপ্ত পরিমাণে দ্রাক্ষারস ছিল না।

মা মরিয়ম যীশুরে সমস্যা সম্পর্কে জানাইলেন, এবং চাকর হকলতরে যীশু যা আদেশ করছিলেন তা করতে কইছিলেন।



যীশু কইছ্হইন “এই হাঁড়িগুলাতে পানি ভর্তি করেন।” তারা জিগাইছে “পানি?” অয়, যীশু যেটা অনুরোধ করছিলেন ঐটা পানি ছিল।

যীশু তখন একজন চাকরকে কইছিলেন যে একটা বড় পাত্র তাকি লইয়া খানির দায়িত্বে থাকা লোকটারে এর স্বাদ নিতে দেন। পানি অখন দ্রাক্ষারস ছিল! ভালা দ্রাক্ষারস! সবচাইতে ভালা দ্রাক্ষারস!

চাকররা অবাক হই গেল। যীশু পানিরে দ্রাক্ষারসে পরিণত করছিলেন। কেবল ঈশ্বরই এই জাতীয় অলৌকিক কাজ করতে পারতা।

যীশু অন্যান্য অলৌকিক কাজ করছিলেন। এক হাইঞ্জাবেলায়, তাইন এবং তাঁর শিষ্যরা পিতরর বাড়িত গেছলেন। জ্বরর কারণে পিতরর হরি খুব বেমার আছলা।

যীশু বেমারি মহিলার হাত স্পর্শ করছিলেন। এক মুহূর্তে তাইন আবার ভালা হই গেছইন। তাইন যীশু এবং শিষ্যদের সেবা করার লাগি উঠছিলেন।

দেখিয়া মনে হইছিল পুরা শহরটা হাইঞ্জাবেলায় দরজাত জড়ো হইছে। বেমারি মানুষ হকল আইছিল – অন্ধ, কানে হুনে না, বোবা, পঙ্গু। এমনকি তারার মধ্যে থাকা ভূতগ্রস্থ মানুষ হকল যীশুর কাছে ভিড় করছিল। তাইন কিতা অত সাহায্য করতে পারবা নি?

ঈশ্বরর ছেলে যীশু সাহায্য করতে পারছিলেন। যীশু সাহায্য করছিলেন। যারা তাঁর কাছে আইছিল তারা সবে সুস্থ হইছিল। যারা জীবনে লাঠিতে ভর করিয়া হাঁটছে এমন লোকেরা অখন হাঁটতে পারে এবং দৌড়াইতে পারে এবং লাফাইতে পারে।

অন্যরা আইছিল,
যারা কুষ্ঠরোগে
কুৎসিত ছিল।

যীশু তারারে সুস্থ
করলে তারা সম্পূর্ণ
সুস্থ এবং পবিত্র
হইছিল।

ভূতগ্রস্থ পুরুষ এবং মহিলা যীশুর সামনে খাড়াইছ্ইন। তাইন ভূত হকলতরে তারারে ছাড়িয়া যাওয়ার নির্দেশ দিছ্ইন। ভূত হকলতে মান্য করল, ভয় পাইছ্লি, অসুখী মানুষ হকল প্রশান্ত ও আনন্দিত হইছ্লি।



জনতার পিছনে চারজন লোক তাঁর বন্ধুরে যীশুর কাছে আনার লাগি সাহায্য করার চেষ্টা করছিল। তবে তারা কাছে যাইতে পারছে না। তারা কিতা করতে পারে?

বেমারি মানুষটারে বাড়ির ছাদে লইয়া যায়, চাইরজন বিশ্বস্ত বন্ধুয়ে ছাদটা টানিয়া হরাইয়া তারে নিচে নামাইয়া আনে। অখন তাইন যীশুর কাছে ছিল।

যীশু দেখলেন যে চাইর বন্ধু বিশ্বাস করে। তাইন বেমারি মানুষটারে কইছ্‌ইন, “তোমার পাপ ক্ষমা করা হইছে। তোমার বিছানা তুলিয়া লও এবং হাঁটিয়া বেড়াও।” লোকটা দাঁড়াইল, ভালা এবং শক্তিশালী অইল। যীশু তারে সুস্থ করছিলেন।

এর খুব শীঘ্রই, শিষ্যদের লগে যীশু নৌকায় ছিলেন। এক ভয়াবহ ঝড় সাগরে মন্থন করতে ছিল। যীশু ঘুমানিত আছলেন। আতঙ্কিত হইয়া শিষ্যরা তাঁরে জাগাইয়া তুলছিল। “প্রভু, আমরারে বাঁচাইন,” তারা কান্দি দিছিল “আমরা বিনষ্ট হই যাইরাম!”

“চুপ থাক,” যীশু তরঙ্গরে আদেশ করলেন। ততক্ষণে সাগর শান্ত হই গেছে “এ কেমন মানুষ?” তাঁর শিষ্যরা ফিসফিস করিয়া মাততে আছ্ললো। এমনকি বাতাস এবং সাগরও তাঁর কথা হুনে।



তারা বিশ্বাস করছিল যে যীশু ঈশ্বরর ছেলে কারণ তাঁর অলৌকিক কাজগুলা তাঁর গৌরব প্রদর্শন করছিল। শিষ্যরা এইটা জানত না, কিন্তু তারা যীশুরে আরও বড় অলৌকিক কাজ সম্পাদন করতে



দেখছিল যখন তাইন মানুষর মধ্যে ঈশ্বরর সেবা করছিলেন।

যীশুর অলৌকিক কাজ

বাইবেল, ঈশ্বরর বাক্য তাকি একটা গল্প, পাওয়া যায়

মথি ৮-৯, মার্ক ১-২, মার্ক ৪,
লূক ৪, লূক ৮, যোহন ২

“আপনার বাণীর শব্দ আলো দেয়।”
গীতসংহিতা ১১৯:১৩০

শেষ অইল

বাইবেলর এই গল্পটা আমরারে বিস্ময়কর ঈশ্বর সম্পর্কে কইছে এবং কে তাঁরে জানতে চায়।

ঈশ্বর জানোইন যে আমরা খারাপ কাজ করছি, যারে তাইন পাপ কইছ্ইন। পাপের সাজা অইছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আপনারে অত ভালাফাইন যে তাইন তাঁর একমাত্র ছেলে, যীশুরে ক্রুশো দিয়া মারার লাগি এবং আপনার পাপর সাজা ভোগ করার লাগি পাঠাইছ্লা। এরপরে যীশু পুনরুত্থিত অইয়া স্বর্গে ফিরিয়া গেছ্ইন! আপনি যদি যীশুর প্রতি বিশ্বাস রাখইন এবং তাঁনরে আপনার পাপর ক্ষমা করার লাগি কইন, তাইন করবা! তাইন অখন আইয়া আপনার মইধ্যে থাকবা এবং আপনি তাঁর লগে হারাজীবন বাঁচিয়া থাকবা।

আপনি যদি সত্যরে বিশ্বাস করইন তাইলে ঈশ্বরর কাছে ওটা কউক্কা: প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে আপনি ঈশ্বর, এবং আমার পাপর লাগি মরতে একজন মানুষ অইছিলা এবং এখন আপনি আবারও বাঁচিয়া আছইন। দয়া করিয়া আমার জীবনো আউক্কা এবং আমার পাপ ক্ষমা করি দেইন, যাতে অখনই আমি নয়া জীবন পাই এবং একদিন চিরকাল আপনার লগে থাকমু। আমারে আপনার আনুগত্য অইতে এবং আপনার হরুত্তার লাখান জীবনযাপন করতে আমারে সাহায্য করইন। আমেন।

প্রতিদিন বাইবেল পড়ইন এবং ঈশ্বরর লগে মাতইন! যোহন ৩:১৬